# নির্দিষ্টকরণ (অগ্রিম মঞ্জুরী দান) আইন, ১৯৯১

( ১৯৯১ সনের ২০ নং আইন )

**১৯৯১-৯২ অর্থ বত্সরের কিছু অংশের কার্যসমূহ নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে অগ্রিম অর্থ মঞ্জুরী দানের জন্য প্রণীত আইন।**

যেহেতু ১৯৯১-৯২ অর্থ বত্সরের কিছু অংশের কার্যসমূহ নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে অগ্রিম অর্থ মঞ্জুরী দান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :-

**সংক্ষিপ্ত শিরোনামা**

১। এই আইন নির্দিষ্টকরণ (অগ্রিম মঞ্জুরী দান) আইন, ১৯৯১ নামে অভিহিত হইবে।

**১৯৯১-৯২ অর্থ বত্সরের কিছু অংশের জন্য সংযুক্ত তহবিল হইতে ৪০৯১,৮৭,৯৪,০০০ টাকা অগ্রিম উত্তোলন**

২। এই আইনের সহিত সংযুক্ত তফসিলের কলাম ২-এ বর্ণিত কার্যসমূহ নির্বাহ ও উদ্দেশ্যসমূহ পূরণকল্পে ১৯৯১-৯২ অর্থ বত্সরের কিছু অংশের ব্যয় বহনের জন্য তফসিলের কলাম ৩-এ বর্ণিত অর্থের অনধিক অর্থ সর্বসাকুল্যে চার হাজার একানব্বই কোটি সাতাশি লক্ষ চুরানব্বই হাজার টাকা সংযুক্ত তহবিল হইতে প্রদেয় হইবে।

**নির্দিষ্টকরণ**

৩। এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে উত্তোলনের জন্য অনুমোদিত অর্থসমূহ উক্ত অর্থ বত্সরের কিছু অংশ সম্পর্কে তফসিলে উল্লিখিত কার্যাদি ও উদ্দেশ্যসমূহের জন্য নির্দিষ্ট করা হইবে।

Copyright © 2019, Legislative and Parliamentary Affairs Division